৪)ঙ) বিলে কিভাবে "ধ্যান- ধ্যান "খেলত ?

উঃ বিলের খুব মজার খেলা ছিল ধ্যান–ধ্যান ।একবার সে তার দু তিনজন বন্ধুকে নিয়ে ধ্যান–ধ্যান খেলতে ছাদের উপর ছোট খেলাঘরটিতে গিয়েছিল ।খেলার নিয়ম অনুযায়ী সবাইকে চোখ বন্ধ করে বসে থাকতে হবে ।কিন্তু তার বন্ধুরা বেশিক্ষণ কেউ বসে থাকতে পারত না ।আর বিলে পুরো তন্ময় হয়ে যেত। তাকে ডেকে কেউ সাড়া পেত না । আর এইভাবেই সে ধ্যান- ধ্যান খেলতো।

৫)খ) "দেখছি কি করে জাত যায়" এখানে বক্তা কিভাবে তা দেখেছিল লেখ।

উঃ:- এখানে বক্তা হলেন বিশ্বনাথ দত্তের পুত্র বীরেশ্বর, যার ডাকনাম বিলে। একবার বিলে তার বাবার অফিস ঘরে ঢুকে পড়েছিল এবং সেখানে সে তিন চারটি হুঁকো দেখতে পায় যা ভিন্ন ভিন্ন জাতির জন্য আলাদা করে রাখা ছিল । বিলে সবগুলো হুঁকো একে একে টানতে লাগলো ।হঠাৎ তার বাবা এসে তার এই কান্ড দেখে অবাক হন। বিলেকে জিজ্ঞেস করায় সে উত্তরে বলেছিল- "দেখছি কি করে জাত যায়"।